রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক

প্রধান কার্যালয়, রাজশাহী

ঋণ ও অগ্রিম বিভাগ-১

ঋওঅবি-১ সার্কুলার নং-০৮/২০২১ তারিখ: ১২.১০.২০২১

বিষয়: করোনাভাইরাস পরিস্থিতিতে ক্ষতিগ্রস্ত মাইক্রো, ক্ষুদ্র ও মাঝারি উদ্যোক্তাদের অনুকূলে সরকারের প্রণোদনার আওতায় এসএমই ফাউন্ডেশন কর্তৃক বরাদ্দকৃত তহবিলের আওতায় ঋণ বিতরণ প্রসঙ্গে।

করোনাভাইরাস পরিস্থিতিতে দেশের অর্থনৈতিক পুনরুদ্ধার ত্বরান্বিতকরণ এবং পল্লী এলাকার প্রান্তিক জনগোষ্ঠীর জীবনমান উন্নয়নে কুটির, মাইক্রো, ক্ষুদ্র ও মাঝারি শিল্প (সিএমএসএমই) খাতে ঋণ কার্যক্রম সম্প্রসারণের লক্ষ্যে মাইক্রো, ক্ষুদ্র ও মাঝারি উদ্যোক্তাদের অনুকূলে ঋণ হিসেবে বিতরণের লক্ষ্যে প্রণোদনার আওতায় দ্বিতীয় দফায় সরকার কর্তৃক এসএমই ফাউন্ডেশনের অনুকূলে ২০২১-২২ অর্থবছরে ২০০ (দুই শত) কোটি টাকা ছাড় করা হয়েছে। এসএমই ফাউন্ডেশনের ক্রেডিট হোলসেলিং কর্মসূচির আওতায় অংশীদার ব্যাংক হিসেবে অগ্রাধিকারভুক্ত এসএমই উপখাত (সাব-সেক্টর), সম্ভাবনাময় এসএমই ক্লাস্টার, পিছিয়ে পড়া অঞ্চল এবং নারী উদ্যোক্তাসহ গ্রামীণ ও প্রান্তিক পর্যায়ের মাইক্রো, ক্ষুদ্র ও মাঝারি উদ্যোক্তা, যারা সরকারের প্রথম দফার প্রণোদনার আওতায় ঋণপ্রাপ্ত হয়নি, তাদের অনুকূলে ঋণ বিতরণ করার উদ্দেশ্যে ১৬.০৯.২০২১ তারিখে এসএমই ফাউন্ডেশন এবং রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক এর মধ্যে একটি দ্বিপাক্ষিক চুক্তিনামা স্বাক্ষরিত হয়। করোনাভাইরাসের প্রাদুর্ভাবের ফলে দেশের উত্তর-পশ্চিমাঞ্চলের ক্ষতিগ্রস্ত সিএমএসএমই খাতের উদ্যোক্তাদের অনুকূলে ঋণ সুবিধা তরান্বিতকরণ ও সম্প্রসারণের লক্ষ্যে উল্লিখিত চুক্তির শর্তাবলীর অনুবৃত্তিক্রমে ২৭.০৯.২০২১ তারিখে অনুষ্ঠিত রাকাব, পরিচালনা পর্ষদের ৫৩৭তম সভার অনুমোদনক্রমে নিম্নরূপ নীতিমালা ও ঋণ নিয়মাচার জারী করা হলো:

১. প্যাকেজের নাম:

করোনাভাইরাস মোকাবেলায় এসএমই ফাউন্ডেশন এর তহবিলের আওতায় মাইক্রো, ক্ষুদ্র ও মাঝারি উদ্যোক্তাদের জন্য বিশেষ এসএমই প্যাকেজ।

২. চুক্তিকৃত অর্থের পরিমাণ ও মেয়াদ:

আলোচ্য প্যাকেজের আওতায় চুক্তিকৃত/বিতরণযোগ্য অর্থের পরিমাণ সর্বমোট ১৫ (পনেরো) কোটি টাকা। চুক্তির মেয়াদকাল ৩ (তিন) বছর, যা চুক্তি স্বাক্ষরের তারিখ হতে কার্যকর মর্মে গণ্য হবে।

৩. চুক্তির আওতাভুক্ত এসএমই উপখাত, ক্লাস্টার, অঞ্চল এবং গ্রুপ:

চুক্তির আওতায় নিম্নবর্ণিত এসএমই উপখাত, ক্লাস্টার এবং দেশের বিভিন্ন অঞ্চলে অবস্থিত পণ্য উৎপাদন, সরবরাহ ও বিপণনসহ ভ্যালুচেইন সংশ্লিষ্ট মাইক্রো, ক্ষুদ্র ও মাঝারি উদ্যোক্তাদের অনুকূলে ঋণ প্রদান করা যাবে:

- প্রণোদনা প্যাকেজের আওতায় ইতোপূর্বে ঋণ প্রাপ্ত হননি এমন উদ্যোক্তা;
- রাজশাহী ও রংপুর বিভাগে স্থায়ীভাবে বসবাসরত নারী উদ্যোক্তা;
- নতুন উদ্যোক্তা অর্থাৎ যারা এখনো ব্যাংক হতে ঋণ পাননি;
- পশ্চাদপদ অঞ্চল, উপজাতীয় অঞ্চল, শারিরীকভাবে অক্ষম এবং তৃতীয় লিঙ্গের উদ্যোক্তা;
- এসএমই ফাউন্ডেশন এবং বিভিন্ন ট্রেডবডি, এসএমই অ্যাসোসিয়েশন, নারী উদ্যোক্তা সংগঠন, নাসিব, উদ্যোক্তা উন্নয়ন নিয়ে কাজ করে এধরনের সরকারি-বেসরকারি সংস্থাসহ জেলা ও উপজেলা প্রশাসনের তালিকাভুক্ত/সুপারিশকৃত উদ্যোক্তা; এবং
- রাজশাহী ও রংপুর বিভাগে স্থায়ীভাবে বসবাসরত সম্ভাবনাময় এসএমই ক্লাস্টারের উদ্যোক্তা।

(চলমান পাতা-২)

৪. তহবিলের ব্যবহার:

করোনাভাইরাস পরিস্থিতিতে ক্ষতিগ্রস্ত মাইক্রো, ক্ষুদ্র ও মাঝারি উদ্যোক্তাদের ব্যবসা চালু রাখা বা পরিচালনার জন্য চলতি মূলধন ঋণ (ওয়ার্কিং ক্যাপিটাল), মূলধনী যন্ত্রপাতি আমদানি এবং ব্যবসায় সম্প্রসারণের উদ্দেশ্যে এ ঋণ বিতরণ করা যাবে। ঋণ খেলাপি কোনো উদ্যোক্তাকে এ প্যাকেজের আওতায় ঋণ বিতরণ করা যাবেনা। এছাড়া, গ্রাহকের বিদ্যমান কোনো ধরণের ঋণ (এমনকি ব্যাক্তিগত ঋণও) সমন্বয় বা ঋণ টেক ওভারের উদ্দেশ্যে অত্র প্যাকেজের আওতায় ঋণ প্রদান করা যাবে না।

৫. ঋণ বিতরণ সময়সীমা:

৩১ ডিসেম্বর ২০২১ তারিখের মধ্যে চুক্তিকৃত তহবিল সম্পূর্ণ ব্যবহার এবং ঋণ বিতরণ কার্যক্রম সম্পন্ন করার জন্য সম্ভাব্য সকল উদ্যোগ ও সর্বাত্মক পদক্ষেপ গ্রহণ করতে হবে।

৬. গ্রাহক পর্যায়ে ঋণের পরিমাণ:

গ্রাহক পর্যায়ে ঋণের পরিমাণ হবে ন্যূনতম ১.০০ (এক) লক্ষ টাকা হতে সর্বোচ্চ ৫০.০০ (পঞ্চাশ) লক্ষ টাকা পর্যন্ত।

৭. ঋণের জন্য আবেদন এবং ঋণ মঞ্জুরি:

লক্ষ্যমাত্রা অনুযায়ী এসএমই সাব-সেক্টর, ক্লাস্টার, পিছিয়ে থাকা অঞ্চল এবং গ্রুপের আগ্রহী উদ্যোক্তারা ঋণের জন্য ব্যাংকের শাখাসমূহে সরাসরি আবেদন করবেন। ঋণ আবেদনের প্রেক্ষিতে উদ্যোক্তাদের অনুকূলে প্রয়োজনীয় ডকুমেন্টের একটি চেকলিস্ট সরবরাহ করতে হবে। আবেদনপত্র প্রাপ্তির পর অগ্রাধিকারভিত্তিতে ঋণ মঞ্জুরি ও বিতরণের উদ্যোগ গ্রহণ করতে হবে। সুনির্দিষ্ট কোনো কারণ না থাকলে, প্রয়োজনীয় ডকুমেন্টসহ 'পূর্নাঙ্গ ঋণ আবেদনপত্র' ব্যাংকের নিকট দাখিলের সর্বোচ্চ ১৫ কর্মদিবসের মধ্যে ব্যাংক কর্তৃক ঋণ মঞ্জুরি ও গ্রাহকের অনুকূলে বিতরণ করতে হবে। কোনো কারণে ১৫ কর্মদিবসের মধ্যে ঋণ মঞ্জুরি ও বিতরণ করা সম্ভব না হলে, সেক্ষেত্রে ঋণ মঞ্জুরি না হওয়ার কারণ এবং এ বিষয়ে কোনো পরামর্শ থাকলে, তা উল্লেখপূর্বক ব্যাংক কর্তৃক উদ্যোক্তাকে বিষয়টি অবহিত করতে হবে।

৮. ঋণ আবেদন নাকচকরণ:

আবেদনের ক্ষেত্রে প্রয়োজনীয় কোনো ডকুমেন্ট বা কাগজপত্রের ঘাটতি কিংবা কোনো অসম্পূর্ণতা থাকলে, সংশ্লিষ্ট আবেদনকারীকে সর্বোচ্চ ৫ (পাঁচ) কর্মদিবসের মধ্যে অবহিত করতে হবে এবং নির্দিষ্ট সময়সীমা উল্লেখ করে তা দাখিল/প্রতিপালনের জন্য পরামর্শ প্রদান করতে হবে। আবেদনকারী উদ্যোক্তা উক্ত সময়সীমার মধ্যে প্রয়োজনীয় তথ্যাদি/কাগজপত্রাদি সরবরাহ করতে ব্যর্থ হলে আবেদনপত্র নাকচ মর্মে গণ্য হবে।

৯.এসএমই ফাউন্ডেশন কর্তৃক প্রেরিত ঋণ আবেদন/তালিকা মূল্যায়ন:

এসএমই ফাউন্ডেশন এবং বিভিন্ন উদ্যোক্তা অ্যাসোসিয়েশন ও ট্রেডবডি কর্তৃক প্রেরিত উদ্যোক্তাদের তালিকা/ঋণ আবেদনসমূহ প্রচলিত যাবতীয় বিধি-বিধান যথাযথভাবে পরিপালন সাপেক্ষে গুরুত্বের সঙ্গে নিষ্পত্তি করতে হবে।

১০. ঋণের জামানত:

এ কর্মসূচির আওতায় জামানতবিহীন ঋণ বিতরণকে উৎসাহিত করতে হবে। জামানতবিহীন ঋণ প্রদানের ক্ষেত্রে ঋণ ও অগ্রিম বিভাগ-১ কর্তৃক ১৩.০৯.২০২০ তারিখে জারীকৃত ঋণওঅবি-১ সার্কুলার নং-১০/২০২০ এর ৬ নম্বর অনুচ্ছেদের নির্দেশনা মোতাবেক পুরুষ উদ্যোক্তাদের ক্ষেত্রে সর্বোচ্চ ৩,০০,০০০/- (তিন লক্ষ) টাকা এবং নারী উদ্যোক্তাদের ক্ষেত্রে সর্বোচ্চ ৩,৫০,০০০/- (তিন লক্ষ পঞ্চাশ হাজার) টাকা ঋণ করা যাবে। এছাড়াও জামানতবিহীন ঋণ প্রদানের ক্ষেত্রে উল্লিখিত সার্কুলারের অন্যান্য নির্দেশনাবলী যথাযথভাবে পরিপালন করতে হবে।

(চলমান পাতা-৩)

ঋওঅবি-১ সার্কুলার নং-০৮/২০২১ তারিখ: ১২.১০.২০২১

১১. শিডিউল অব চার্জ/অন্যান্য চার্জ:

ঋণ প্রক্রিয়াকরণের জন্য প্রসেসিং ফি ও অন্যান্য চার্জ বিষয়ে সিএমএসএমই ঋণের শিডিউল অব চার্জ এবং ব্যাংক কর্তৃক জারীকৃত এতদসংক্রান্ত নির্দেশনাবলী যথাযথভাবে অনুসরণীয় হবে।

১২. বিশেষ অগ্রাধিকার:

১২.১ গ্রাহক নির্বাচন ও ঋণ বিতরণের ক্ষেত্রে গ্রামীণ ও প্রান্তিক নারী উদ্যোক্তাদের বিশেষ অগ্রাধিকার প্রদান করতে হবে।

১২.২ মোট ঋণের ন্যূনতম ৩০ (ত্রিশ) শতাংশ নারী উদ্যোক্তাদের অনুকূলে বিতরণের সর্বোচ্চ প্রচেষ্টা গ্রহণ করতে হবে।

১২.৩ উৎপাদনশীল ও সেবামূলক ব্যবসার সাথে সংশ্লিষ্ট উদ্যোক্তাদের অনুকূলে ন্যূনতম ৭০ (সত্তর) শতাংশ ঋণ বিতরণ করতে হবে। শুধুমাত্র নারী উদ্যোক্তাদের ক্ষেত্রে এ হার ৬০ (ষাট) শতাংশ হতে পারবে। সামাগ্রিক ক্ষেত্রে (নারী ও পুরুষ উদ্যোক্তা মিলিয়ে) উৎপাদনশীল ও সেবামূলক খাতে ঋণ বিতরণ ৭০ (সত্তর) শতাংশ এর কম হবে না।

১২.৪ প্রান্তিক পর্যায়ের ক্ষুদ্র উদ্যোক্তাদের সহায়তার উদ্দেশ্যে মোট ঋণ/তহবিলের ন্যূনতম ৫০ (পঞ্চাশ) শতাংশ তহবিল ২০.০০ (বিশ) লক্ষ বা তদনিম্ন পরিমাণের ঋণ বিতরণের জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।

১২.৫ ঋণ বিতরণের ক্ষেত্রে ক্লাস্টার ও ক্লাস্টার ভ্যালু চেইনের উদ্যোক্তাদের ন্যূনতম ১০ (দশ) শতাংশ ঋণ প্রদানের প্রচেষ্টা গ্রহণ করতে হবে।

১৩. গ্রুপভিত্তিক ঋণ:

প্রান্তিক পর্যায়ের মাইক্রো ও ক্ষুদ্র উদ্যোক্তা, বিশেষ করে নারী উদ্যোক্তাদের ঋণের আওতায় আনার লক্ষ্যে ব্যাংকার-কাস্টমার সম্পর্ক ও ঐক্যমতের ভিত্তিতে গ্রুপভিত্তিক ঋণ বিতরণ করা যাবে।

১৪. সুদের হার:

১৪.১ ব্যাংক পর্যায়ে পুনঃঅর্থায়নের সুদ/মুনাফা হার:
আলোচ্য কর্মসূচি সরকারের প্রণোদনার আওতায় বাস্তবায়ন করা হবে বিধায় ন্যূনতম মুনাফা নিশ্চিতকল্পে এসএমই ফাউন্ডেশন কর্তৃক রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক এর অনুকূলে সুদমুক্ত তহবিল প্রদান করা হবে।

১৪.২ গ্রাহক পর্যায়ে ঋণ/বিনিয়োগের সুদ/মুনাফা হার:
গ্রাহক পর্যায়ে ঋণের সুদের হার হবে সর্বোচ্চ ৪ (চার) শতাংশ, যা ক্রমহ্রাসমান স্থিতি (রিডিউসিং ব্যালেন্স) পদ্ধতিতে হিসাবায়ন হবে।

১৫. গ্রাহক পর্যায়ে ঋণ পরিশোধের মেয়াদ:

গ্রাহক পর্যায়ে ঋণ পরিশোধের সময়সীমা হবে সর্বোচ্চ ২ (দুই) বছর, যা ৬ (ছয়) মাসের গ্রেস পিরিয়ডসহ সর্বোচ্চ ১৮ (আঠার) টি সমান মাসিক কিস্তিতে পরিশোধযোগ্য । তবে ঋণগ্রহীতার সুবিধার্থে ব্যাংকার-কাস্টমার সম্পর্কের ভিত্তিতে গ্রেস পিরিয়ড হ্রাস এবং কিস্তির পরিমাণ সর্বোচ্চ ২৪ (চব্বিশ) পর্যন্ত বৃদ্ধি করা যাবে।

১৬. পুনঃঅর্থায়ন প্রাপ্তির আবেদন প্রক্রিয়া:

১৬.১ আলোচ্য তহবিলের আওতায় বিতরণকৃত ঋণের বিপরীতে পুনঃঅর্থায়ন প্রাপ্তির লক্ষ্যে শাখাসমূহ এতদসংক্রান্ত ঋণ বিতরণের বিবরণী নির্ধারিত ছকে (সংযোজনী-১ ও ২) প্রয়োজনীয় তথ্যাদি প্রদানপূর্বক প্রতি মাস অন্তে পরবর্তী মাসের ০৫ তারিখের মধ্যে সংশ্লিষ্ট জোনাল কার্যালয়ে আবেদন দাখিল করবে।

১৬.২ জোনাল কার্যালয়সমূহ উল্লিখিত বিবরণী সংকলনপূর্বক এতদসংক্রান্ত প্রয়োজনীয় তথ্যাদি প্রতি মাস অন্তে পরবর্তী মাসের ০৭ তারিখের মধ্যে প্রধান কার্যালয়ের ঋণ ও অগ্রিম বিভাগ-১ এ প্রেরণ নিশ্চিত করবে।

১৬.৩ নির্ধারিত সময়ের মধ্যে পুনঃঅর্থায়ন প্রাপ্তির তথ্যাদি প্রধান কার্যালয়ে প্রেরণ না করা হলে অথবা কোন ভুল তথ্য প্রদান করা হলে এতদসংক্রান্ত আর্থিক ক্ষতির দায়দায়িত্ব সংশ্লিষ্ট শাখা/জোনাল ব্যবস্থাপকের উপর বর্তাবে।

(চলমান পাতা-৪)

ঋওঅবি-১ সার্কুলার নং-০৮/২০২১ তারিখ: ১২.১০.২০২১

১৭. গ্রাহক পর্যায়ে ঋণ আদায়/নবায়ন/পুনঃপ্রদান:

আলোচ্য তহবিলের আওতায় বিতরণকৃত ঋণ আদায়ের দায়দায়িত্ব সংশ্লিষ্ট শাখা ব্যবস্থাপকের উপর বর্তাবে। ঋণগ্রহীতার ব্যবসায়িক লেনদেন সন্তোষজনক বিবেচিত হলে নির্ধারিত মেয়াদ শেষে ব্যাংকার-গ্রাহক সম্পর্কের ভিত্তিতে ব্যাংকের প্রচলিত/বিদ্যমান নীতিমালার আওতায় ঋণ হিসাব নবায়ন করা যাবে। এ ক্ষেত্রে ব্যাংকের স্বাভাবিক সুদ হার প্রয়োজ্য হবে। ঋণ বিনিয়োগ অনাদায়ে ব্যাংকের বিদ্যমান নীতিমালা অনুযায়ী শ্রেণীকরণপূর্বক যথাযথভাবে প্রভিশন সংরক্ষণ করতে হবে।

১৮. তহবিল ছাড়:

ব্যাংক কর্তৃক নির্ধারিত সময়ের মধ্যে উদ্যোক্তা পর্যায়ে ঋণ বিতরণের পূর্বে অথবা পরে এসএমই ফাউন্ডেশনের নিকট হতে চুক্তিকৃত তহবিল সম্পূর্ণ কিংবা আংশিক/কিস্তিতে ছাড় করা যাবে। তবে, তহবিল প্রাপ্তির সর্বোচ্চ ২ (দুই) মাসের মধ্যে ছাড়কৃত তহবিল সম্পূর্ণ ব্যবহার অর্থাৎ উদ্যোক্তাদের অনুকূলে ঋণ হিসেবে বিতরণ করতে হবে। এছাড়া, তহবিল গ্রহণের ২ (দুই) মাসের মধ্যে বিতরণ করা সম্ভব না হলে, অবিতরণকৃত তহবিল পরবর্তী ৫ (পাঁচ) কর্মদিবসের মধ্যে ৪ (চার) শতাংশ সুদসহ এসএমই ফাউন্ডেশনেকে ফেরত প্রদান করতে হবে।

১৯. তহবিল ছাড়ের ক্ষেত্রে প্রয়োজনীয় ডকুমেন্ট:

তহবিল ছাড়ের জন্য এসএমই ফাউন্ডেশনের নিকট আবেদন করার ক্ষেত্রে আবেদনের সমপরিমাণ অর্থের প্রতিশ্রুতি পত্র (Demand Promissory Note) দাখিল করতে হবে।

২০. তহবিল পরিশোধ ও পরিশোধসূচি:

এসএমই ফাউন্ডেশন কর্তৃক ছাড়কৃত তহবিল মোট তিন কিস্তিতে পরিশোধ করতে হবে। প্রথম কিস্তি চুক্তি স্বাক্ষর/প্রথম দফায় তহবিল ছাড়করণের এক বছর পর এবং অবশিষ্ট দুটি কিস্তি- পরবর্তী বছরে ছয় মাস অন্তর ‘পে-অর্ডার’ কিংবা জনতা বাংক লি., ইউজিসি ভবন কর্পোরেট শাখায় রক্ষিত হিসাবে ‘ইলেকট্রনিক ফান্ড ট্রান্সফার নেটওয়ার্ক (বিইএফটিএন) এর মাধ্যমে পরিশোধ করতে হবে। তহবিল পরিশোধের ক্ষেত্রে কিস্তির পরিমাণ ও পরিশোধের তারিখসহ ‘সুনির্দিষ্ট পরিশোধসূচি/রিপেমেন্ট সিডিউল’ ঋণ বিতরণ কার্যক্রম সম্পন্ন হওয়ার পর এসএমই ফাউন্ডেশন এবং রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক কর্তৃক যৌথ সম্মতির ভিত্তিতে নির্ধারিত হবে।

২১. তহবিল পরিশোধে ব্যর্থতা:

নির্ধারিত পরিশোধসূচি অনুযায়ী তহবিল পরিশোধে ব্যর্থ হলে এসএমই ফাউন্ডেশন কর্তৃক দেশের বিদ্যমান আইন ও নিয়মানুযায়ী প্রয়োজনীয় পদক্ষেপ ও ব্যবস্থা গ্রহণ করতে পারবে।

২২. ঋণ হিসাবায়ন:

আলোচ্য প্যাকেজের আওতায় বিতরণকৃত ঋণ হিসাব নিম্নবর্ণিত হেড এর মাধ্যমে পরিচালনা করতে হবে:

Product Code	Name of Account
611	SME Foundation Stimulus Loan for COVID-19

২৩. তথ্য, উপাত্ত ও প্রতিবেদন:

সম্পাদিত চুক্তির আলোকে এ তহবিলের আওতায় বিতরণকৃত ঋণের সার্বিক তথ্যাদি নির্ধারিত সময়ে ও নিয়মিত ভিত্তিতে এসএমই ফাউন্ডেশনকে অবহিত করতে হবে। শাখা/জোনসমূহ কর্তৃক ঋণ বিতরণ ও আদায় বিষয়ক তথ্যাদি নির্ধারিত ফরম্যাট অনুযায়ী প্রধান কার্যালয়ে রিপোর্ট করার পাশাপশি ব্যাংকের MIS সফটওয়ারের মাধ্যমে প্রয়োজনীয় তথ্য/উপাত্ত নিয়মিত সরবরাহ/দাখিল করতে হবে।

২৪. দলিলাদি তলব ও প্রকল্প পরিদর্শন:

এসএমই ফাউন্ডেশন কর্তৃক কর্মসূচির আওতায় ঋণপ্রাপ্ত গ্রাহকদের প্রতিষ্ঠানসমূহ সময়ে সময়ে পরিদর্শন, বুকস অব অ্যাকাউন্টস্ এবং অন্যান্য তথ্যাদি যাচাইয়ের মাধ্যমে ঋণের মনিটরিং এবং মূল্যায়ন করতে পারেন। বিধায় এতদসংক্রান্ত তথ্যাদি মাসিকভিত্তিতে হালনাগাদ রাখতে হবে এবং ফাউন্ডেশন/প্রধান কার্যালয়ের চাহিদা অনুসারে প্রয়োজনীয় তথ্য/উপাত্ত সরবরাহ করতে হবে।

(চলমান পাতা-৫)

ঋওঅবি-১ সার্কুলার নং-০৮/২০২১ তারিখ: ১২.১০.২০২১

২৫. অন্যান্য শর্তাবলী:

২৫.১ এসএমই ফাউন্ডেশন কর্তৃক বরাদ্দকৃত তহবিলের আওতায় মাইক্রো, ক্ষুদ্র ও মাঝারি উদ্যোক্তাদের জন্য বিশেষ এসএমই প্যাকেজ সংক্রান্ত ঋণ কার্যক্রম পরিচালনার ক্ষেত্রে এ সার্কুলারের নির্দেশনাবলী যথাযথভাবে পরিপালন করতে হবে।

২৫.২ এ প্যাকেজের আওতায় ঋণ কার্যক্রম পরিচালনার ক্ষেত্রে উপরিল্লিখিত শর্তাদির পাশাপাশি ঋণ ও অগ্রিম বিভাগ-১ কর্তৃক ১৩.০৯.২০২০ তারিখে জারীকৃত ঋওঅবি-১ সার্কুলার নং-১০ এর প্রযোজ্য অন্যান্য নির্দেশনাবলী যথাযথভাবে অনুসরণ করতে হবে।

২৫.৩ ঋণগ্রহীতা নির্বাচন, ডেট-ইক্যুইটি অনুপাত, ঋণ মঞ্জুরি, বিতরণ, দলিলাদি সম্পাদন, ঋণের সদ্ব্যবহার ও তদারকির ক্ষেত্রে ব্যাংকের 'লেন্ডিং পলিসি ও অপারেশন ম্যানুয়েল' এবং এতদসংক্রান্ত অন্যান্য সার্কুলার/সার্কুলার লেটারের নির্দেশনাবলী যথাযথভাবে পরিপালন করতে হবে।

২৫.৪ ঋণ ঝুঁকি নির্ধারণের ক্ষেত্রে ব্যাংক কর্তৃক জারীকৃত 'ক্রেডিট রিস্ক ম্যানেজমেন্ট গাইডলাইন' এবং মানিলন্ডারিং প্রতিরোধ সম্পর্কিত বিধি-বিধানের পরিপালন নিশ্চিতকরণের লক্ষ্যে এতদসংক্রান্ত সার্কুলার/সার্কুলার লেটারসমূহের নির্দেশনাবলী যথাযথভাবে অনুসরণ করতে হবে।

২৫.৫ এ কর্মসূচির সুষ্ঠু বাস্তবায়নের লক্ষ্যে সংশ্লিষ্ট শাখা ও জোনসমূহে সুনির্দিষ্ট কর্মকর্তাকে দায়িত্ব প্রদান করতে হবে।

২৫.৬ আলোচ্য প্যাকেজ সম্পর্কে উদ্যোক্তাদের অবহিতকরণসহ উদ্যোক্তাদের ঋণ গ্রহণের জন্য প্রস্তুত এবং উপযোগী করার লক্ষ্যে এসএমই ফাউন্ডেশন এবং ব্যাংক কর্তৃক যৌথভাবে পর্যাপ্ত প্রচার-প্রচারণা, প্রয়োজনীয় প্রশিক্ষণ, ফাইনান্সিয়াল লিটারেসি, ঋণ ম্যাচমেকিং, ওয়ার্কশপ, সেমিনার ইত্যাদি সহযোগী কর্মসূচি আয়োজন করতে হবে।

২৫.৭ সিএমএসএমই খাতে আলোচ্য প্যাকেজের আওতায় ঋণ কার্যক্রম পরিচালনার ক্ষেত্রে এ নীতিমালার শর্তাদির বিষয়ে এসএমই ফাউন্ডেশন কর্তৃক পরবর্তীতে কোন পরিবর্তন/সংশোধন করা হলে তা অনুসৃত হবে।

এ সার্কুলারের নির্দেশনাবলী অবিলম্বে কার্যকর হবে। এ বিষয়ে কোন ব্যাখ্যা/স্পষ্টীকরণের প্রয়োজন হলে ঋণ ও অগ্রিম বিভাগ-১ এর সাথে যোগাযোগ করা যেতে পারে।

অনুমোদনক্রমে-

১২.১০.২০২১
(শওকত শহীদুল ইসলাম)
উপ-মহাব্যবস্থাপক

সূত্র নং-প্রকা/ঋওঅবি-১/২৯(CMSME)/২০২১-২০২২/৩৬৩(৪৫৪) তারিখ: ১২.১০.২০২১

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো:

০১। স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
০৪। মহাব্যবস্থাপক মহোদয়ের স্টাফ অফিসার, রাকাব, বিভাগীয় কার্যালয়, রাজশাহী/রংপুর।
০৫। সকল উপ-মহাব্যবস্থাপক, সচিব, বিভাগীয়/ইউনিট/সেল প্রধান, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
০৬। অধ্যক্ষ, রাকাব, প্রশিক্ষণ ইনস্টিটিউট, রাজশাহী।
০৭। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, রাকাব, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, রাজশাহী/রংপুর।
০৮। সকল জোনাল ব্যবস্থাপক, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।
০৯। সকল জোনাল নিরীক্ষা কর্মকর্তা, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।
১০। উপ-মহাব্যবস্থাপক, রাকাব, ঢাকা কর্পোরেট শাখা, ঢাকা/স্থানীয় মুখ্য কার্যালয়, রাজশাহী।
১১। সকল শাখা ব্যবস্থাপক, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।
১২। অফিস নথি/মহানথি।

১২.১০.২০২১
(শাহনেওয়াজ ছাররে মাহমুদ)
মুখ্য কর্মকর্তা